



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/24/2026

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস নিউ ইয়র্কের জন্য 73 মিলিয়ন ডলারের ফেডারেল হাইওয়ে তহবিল পুনরুদ্ধারের জন্য মামলা করেছেন

ট্রান্স্প্রট প্রশাসন গুরুত্বপূর্ণ অবকাঠামো তহবিল বাতিলের যে সিদ্ধান্ত নিয়েছে তার বিরুদ্ধে নিউ ইয়র্কের প্রতিবাদ

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমস) আজ ফেডারেল সরকারের বেআইনিভাবে নিউ ইয়র্কের জন্য 73 মিলিয়ন ডলারেরও বেশি হাইওয়ে তহবিল বাতিল করার বিরুদ্ধে মামলা করেছেন। গত সপ্তাহে, মার্কিন পরিবহন দপ্তর (Department of Transportation, DOT) তহবিল প্রদান বন্ধ রাখার ঘোষণা করেছে, কারণ নিউ ইয়র্ক স্টেট ও ফেডারেল নিয়মকানুন সম্পূর্ণরূপে মেনে জারি করা কিছু নির্দিষ্ট ড্রাইভিং লাইসেন্স বাতিল করার জন্য DOT-র দাবি প্রত্যাখ্যান করেছে। গভর্নর Hochul (হোকল) এবং অ্যাটর্নি জেনারেল জেমস যুক্তি দিয়েছেন যে এই অর্থায়ন পদক্ষেপটি অবৈধ এবং নিউ ইয়র্কবাসীদের ঝুঁকির মধ্যে ফেলছে এবং তারা স্টেটে সম্পূর্ণ অর্থায়ন পুনরুদ্ধার করতে চাইছেন।

"শুধুমাত্র রাজনৈতিক প্রতিহিংসার কারণে নিউ ইয়র্ক আবারও বিধ্বংসী ফেডারেল বাজেট কর্তনের সম্মুখীন হচ্ছে। আসল ঘটনাটি হল: কমাশিয়াল ড্রাইভিং লাইসেন্সগুলি (Commercial Driver's Licenses, CDLs) ইস্যু করার ক্ষেত্রে নিউ ইয়র্ক সব সময় ফেডারেল নিয়মকানুন অনুসরণ করে এসেছে, যা পূর্ববর্তী ট্রান্স্প্রট প্রশাসনও বছরের পর বছর ধরে যাচাই করে দেখেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের রাস্তাঘাটের গুরুত্বপূর্ণ নিরাপত্তা উন্নয়নের জন্য বরাদ্দ অর্থ কেড়ে নেওয়া একটি বেপরোয়া এবং এটি বেআইনি কাজ। অ্যাটর্নি জেনারেল জেমসের পাশে দাঁড়িয়ে, আমরা এই তহবিল পুনরুদ্ধার করতে এবং লক্ষাধিক নিউ ইয়র্কবাসী, যারা এর উপর নির্ভরশীল তাদের জন্য আমাদের রাস্তা নিরাপদ রাখতে আদালতে লড়াই করব — এবং জিতব।"

নিউ ইয়র্ক স্টেটের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেছেন, "নিউ ইয়র্কবাসীরা কাজে যেতে, তাদের সন্তানদের স্কুলে নিয়ে যেতে এবং আমাদের অর্থনীতিকে সচল রাখতে নিরাপদ, নির্ভরযোগ্য রাস্তা এবং সেতুর উপর নির্ভর করে। প্রশাসন আমাদের স্টেটকে অর্থায়নের প্রতিশ্রুতি দিয়ে হঠাৎ করে তা প্রত্যাহার করে নিতে পারে না। এই অর্থায়ন বাতিল করে ফেডারেল সরকার কর্মসংস্থান ও কমিউনিটিগুলিকে ঝুঁকির মধ্যে ফেলছে। নিউ ইয়র্কবাসী এই বিনিয়োগগুলোর ওপর নির্ভর করছে এবং আমরা প্রেসিডেন্টকে আমাদের কমিউনিটিগুলির নিরাপত্তা বিপন্ন করতে দেব না। নিউ ইয়র্ক যাতে তার প্রাপ্য প্রতিটি ডলার পায়, তা নিশ্চিত করতে আমার দপ্তর এই প্রশাসনের বিরুদ্ধে আদালতে মামলা করছে।"

কয়েক মাস ধরে, DOT কিছু অ-নাগরিক চালকের আইনসম্মতভাবে ইস্যু করা কমাশিয়াল ড্রাইভারস লাইসেন্স (CDL) বাতিল করার জন্য নিউ ইয়র্কের উপর চাপ সৃষ্টি করার চেষ্টা করেছে। 16ই এপ্রিল, সংস্থাটি ঘোষণা করেছে যে তারা নিউ ইয়র্কের জন্য ইতিমধ্যে অনুমোদিত 73.5 মিলিয়ন ডলারেরও বেশি ফেডারেল হাইওয়ে তহবিল আটকে দেবে এবং ভবিষ্যতে বার্ষিক অতিরিক্ত 147 মিলিয়ন ডলার আটকে রাখার হুমকি দিয়েছে। নিউ ইয়র্ক স্টেট ও ফেডারেল নিয়মকানুন মেনে CDL প্রদান করে; CDL পাওয়ার যোগ্যতা অর্জনের জন্য সকল চালকের অবশ্যই বৈধ অভিাসন স্থিতি থাকতে হবে এবং কঠোর পরীক্ষা ও নিরাপত্তা মানদণ্ড পূরণ করতে হবে। এই লাইসেন্সগুলি বাতিল করা হলে বাণিজ্যিক চালকদের উপর নির্ভরশীল প্রধান শিল্পগুলি ব্যাহত হবে এবং বাস চালকের ঘাটতি দেখা দিতে পারে যা স্কুল এবং পরিবারগুলিকে প্রভাবিত করবে।

অ্যাটর্নি জেনারেল জেমস যুক্তি দেন যে DOT-এর পদক্ষেপটি বেআইনি এবং এটি তাদের নিজস্ব দীর্ঘদিনের প্রবিধানের একটি নতুন, ভিত্তিহীন ব্যাখ্যার উপর ভিত্তি করে নেওয়া হয়েছে। বছরের পর বছর ধরে নিউ ইয়র্ক ফেডারেল আইন সম্পূর্ণরূপে মেনেই CDL ইস্যু করে আসছে, যা DOT-র নিজস্ব পর্যালোচনাতেও নিশ্চিত করা হয়েছে। অ্যাটর্নি জেনারেল জেমস দাবি করেছেন যে, DOT-র এই আকস্মিক পরিবর্তন স্বেচ্ছাচারী ও খামখেয়ালী, যা সংস্থার ক্ষমতার সীমা লঙ্ঘন করে এবং গুরুত্বপূর্ণ তহবিল বন্ধের হুমকি দিয়ে নিউ ইয়র্ককে সহস্রাধিক বৈধভাবে ইস্যু করা লাইসেন্স বাতিল করতে বাধ্য করার একটি বেআইনি প্রচেষ্টা।

নিউইয়র্কের হাইওয়ের তহবিল কংগ্রেস দ্বারা প্রতিষ্ঠিত ফেডারেল প্রোগ্রামের মাধ্যমে বরাদ্দ করা হয় যা রাস্তা রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা উন্নয়ন এবং অবকাঠামোর আপগ্রেডকে সমর্থন করে। এই তহবিল হারালে গুরুত্বপূর্ণ পরিবহন প্রকল্পগুলি বিলম্বিত বা বাতিল হতে পারে, খরচ বাড়তে পারে এবং স্টেট জুড়ে স্থানীয় অর্থনীতি ক্ষতিগ্রস্ত হতে পারে।

ফেডারেল আইন অনুসারে, DOT-এর চূড়ান্ত সংস্থার সিদ্ধান্তের বিরুদ্ধে যেকোনো আপত্তি অবশ্যই একটি মার্কিন সার্কিট আদালতে দায়ের করতে হবে। অ্যাটর্নি জেনারেল জেমস আজ মার্কিন যুক্তরাষ্ট্রের দ্বিতীয় সার্কিট আপিল আদালতে একটি পুনর্বিবেচনার আবেদন দাখিল করেছেন, যেখানে তিনি আদালতকে DOT-র সিদ্ধান্ত বাতিল করে নিউ ইয়র্কের জন্য তহবিল পুনর্বহাল করার অনুরোধ জানিয়েছেন। অর্থায়ন ব্যাহত হওয়ার আগেই একটি সিদ্ধান্ত নিশ্চিত করতে মামলাটি দ্রুত নিষ্পত্তির জন্য, গভর্নর Hochul (হোকল) এবং অ্যাটর্নি জেনারেল জেমসও একটি আবেদন দাখিল করবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)